

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৭৮

(كتاب الحج) على الكتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৩১. হজ্জের মাসগুলোতে উমরাহ করা।

جواز العمرة في أشهر الحج

আরবী

حديث ابْنِ عَبَّاسٍ عَنْ أَبِي جَمْرَةَ نَصْرِ بْنِ عِمْرَانَ الضَّبَعِيّ، قَالَ: تَمَتَّعْتُ فَنَهَانِي نَاسٌ، فَسَأَلْتُ ابْنَ عَبَّاسٍ فَأَمَرَنِي، فَرَأَيْتُ فِي الْمَنَامِ كَأَنَّ رَجُلاً يَقُولُ لِي: حَجُّ مَبْرُورٌ، وَعُمْرَةٌ مُتَقَبَّلَةٌ، فَأَخْبَرْتُ ابْنَ عَبَّاسٍ، فَقَالَ: سُنَّةَ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ لِي: أَقِمْ عِنْدِي فَأَجْعَلَ لَكَ سَهْمًا مِنْ مَالِي عَنْهُ)، فَقُلْتُ: لِمَ فَقَالَ: لِلرُّوْيَا الَّتِي رَأَيْتُ

বাংলা

৭৭৮. আবূ জামরাহ নাসর ইবনু 'ইমরান যুবা'য়ী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি তামাতু হাজ্জ করতে ইচ্ছে করলে কিছু লোক আমাকে নিষেধ করল। আমি তখন ইবনু 'আব্বাস (রাঃ)-এর নিকট জিজ্ঞেস করলে তিনি তা করতে আমাকে নির্দেশ দেন। এরপর আমি স্বপ্নে দেখলাম, যেন এক ব্যক্তি আমাকে বলছে, উত্তম হাজ্জ ও মাকবূল 'উমরাহ। ইবনু আব্বাস (রাঃ)-এর নিকট স্বপ্নটি বললাম। তিনি বললেন, তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত। এরপর আমাকে বললেন, তুমি আমার কাছে থাক, তোমাকে আমার মালের কিছু অংশ দিব।

রাবী শুবাহ্ (রহ.) বলেন, আমি (আবু জামরাহকে) বললাম, তা কেন? তিনি বললেন, আমি যে স্বপ্ন দেখেছি সে জন্য।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ৩৪, হাঃ ১৫৬৭; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৩১, হাঃ ১২৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ জামরাহ নাসর ইবনু 'ইমরান যুবা'য়ী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন